

## ■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৭১৫

৪৬/ কাসামাহ (ইয়ান্ । ১৯৮১)

পরিচ্ছেদঃ ৪. এই হাদীসে সাহল হতে বর্ণনাকারীর বর্ণনাগত পার্থক্য

ذِكْرُ اخْتِلَافِ أَلْفَاظِ النَّاقِلِينَ لِخَبَرِ سَهْلٍ فِيهِ

## আরবী

أَخْبَرَنَا إِسْمَعِيلُ بْنُ مَسْعُودٍ قَالَ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَلِ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ بُشَيْرِ بْنِ يَسَارٍ عَنْ سَهْلِ بْنِ أَبِي حَثْمَةَ قَالَ انْطَلَقَ عَبْدُ اللَّهِ بْنُ سَهْلِ وَمُحَيِّصَةُ بْنُ مُسْعُودِ بْنِ زَيْدٍ إِلَى خَيْبَرَ وَهِيَ يَوْمَئِذِ صَلُحٌ فَتَفَرَّقَا فِي حَوَائِجِهِمَا فَأَتَى مُحَيِّصَةُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ سَهْلِ وَهُوَ يَتَشَحَّطُ فِي دَمِهِ قَتِيلًا فَدَفَنَهُ ثُمَّ قَدِمَ الْمَدينَةَ فَانْطَلَقَ عَبْدُ الرَّحْمَنِ عَبْدُ اللَّهِ مِنَ سَهْلِ وَحُويِّصَةُ وَمُحَيِّصَةُ ابْنَا مَسْعُودِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَهُ بَنْ سَهْلٍ وَحُويِّصَةً وَمُحَيِّصَةُ ابْنَا مَسْعُود إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَهُ بَرْ الْكُبْرَ وَهُوَ أَحْدَثُ عَبْدُ الرَّحْمَنِ يَتَكَلَّمُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَبِّرْ الْكُبْرَ وَهُوَ أَحْدَثُ عَبْدُ الرَّحْمَنِ يَتَكَلَّمُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَبِرْ الْكُبْرَ وَهُو أَحْدَثُ الْقَوْمِ فَسَكَتَ فَتَكَلَّمَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَبِرْ الْكُبْرَ وَهُو أَحْدَثُ مَنْ مَنْ عَنْدُهُ وَسَلَّمَ لَا اللَّهِ كَيْفَ نَحْلِفُ وَلَمْ نَشْهُدْ وَلَمْ نَنْ عَلِيلًا فَقَالُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ لَوْهُ إِنْ الْكُبْرُ وَهُمْ مُقَالًى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَوْمٍ كُفًا وَ فَعَقَلَهُ وَلَا اللَّهِ كَيْفَ نَأْخُذُ أَيْمَانَ قَوْمٍ كُفَّارٍ فَعَقَلَهُ وَسُلَمَ عَنْ عَلَيْهِ وَسَلَمَ مَنْ عِنْدِهِ

## বাংলা

৪৭১৫. ইসমাঈল ইবন মাসউদ (রহঃ) ... বুশায়র ইবন ইয়াসার সাহল ইবন আবু হাসমা (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আবদুল্লাহ্ ইন সাহল এবং মুহায়্যিসা ইবন মাসউদ ইবন যায়দ খায়বর গমন করেন। খায়বরে তখন সন্ধি স্থাপিত হয়ে গেছে। সেখানে যাওয়ার পর তারা কাজে পৃথক হয়ে যান। এরপর মুহায়্যিসা আবদুল্লাহর নিকট যান। গিয়ে দেখেন তিনি নিহত অবস্থায় রক্তের মধ্যে গড়াগড়ি খাচ্ছেন। তিনি তাকে দাফন করে মদীনায় ফিরে আসেন। এরপর আবদুর রহমান ইবন সাহল, হুওয়ায়্যিসা মুহায়্যিসা এবং ইবন মাসউদ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হন। প্রথমে আবদুর রহমান কথা বলতে শুরু করেন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যে বয়সে বড়, তাকে সম্মান কর। তিনি ছিলেন বয়সে ছোট। তিনি চুপ করলেন।



এরপর তারা দু'জন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে কথা বললেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা পঞ্চাশজন কি শপথ করবে যা দ্বারা তোমরা তোমাদের লোকের হত্যাকারীর বিচার করার অধিকার লাভ করবে। তারা বললেনঃ আমরা যখন দেখিনি, তখন আমরা কি করে শপথ করবো? তিনি বললেনঃ তাহলে ইয়াহুদীদের পঞ্চাশজন কসম করে তোমাদের দাবি মিথ্যা প্রমাণ করবে। তারা বললেনঃ ইয়া রাসূলাল্লাহ! কাফিরদের শপথ আমরা কী করে বিশ্বাস করবো? তখন তিনি নিজে তাদের দিয়াত আদায় করে দেন।

## **English**

It was narratd that Sahl bin Abi Hatmah said:

"Abdullah bin Sahl and Muhayysah bin Mas'ud bin Zaid went to Khaibar, and at that time there was a peace treaty. They went their separatea ways to go about their business, then Muhayysah came upon 'Abdullah bin Sahl lying dead in a pool of blood. He buried him, then he camae to Al-Madinah. 'Abdur-Rahman bin Sahl and Huwhayysah, and Muhayysah, the tow sons of Nas'ud, came to the Messenger of Allah, and "Abdur-Rahman started to speak, but the Messenger of Allah said: "Let the elders speak first," for he was the youngest of them. So he fell silent and they (the other two) spoke. The Messenger of Allah said: "Will you sear fifty oaths, then you will receive compensation or be entitled to retaliate?" They said: "O Messenger of Allah, how can we a wear and oath when we did not witness and did not see (what happened)" He said: "Then can the Jews swear fifty oaths declaring their innocence?" They said: "O Messenger of Allah, how can we accept the oath of a disbelieving people?" So the Messenger of Allah paid the blood money himself.

ফুটনোট

তাহক্বীকঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বুশায়র ইবন ইয়াসার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন